ফাতওয়া নাম্বার:২৬৭ প্রকাশকালঃ২৪-০৭-২০২১ ইং

একসঙ্গে একাধিক আযান হলে কোনটির উত্তর দেব?

প্রশ্ন:

বর্তমানে মাইকের মাধ্যমে আযান দেয়ার কারণে কখনো দেখা যায়, একই সঙ্গে কয়েক দিক থেকে আযানের আওয়ায শোনা যায়। এ ক্ষেত্রে আমরা কোন আযানের উত্তর দিবো?

প্রশ্নকারী- আবদুর রাহীম

উত্তর:

بسم الله الرحمن الرحيم

আগে পরে একাধিক আযান হলে, প্রথমটির উত্তর দিবেন, চাই তা নিজ মহল্লার মসজিদের আযান হোক বা অন্য মসজিদের। আর সবগুলো আযান একই সঙ্গে শুরু হলে নিজ মহল্লার মসজিদের আযানের উত্তর দিবেন। সবগুলোর উত্তর দেয়া জরুরি নয়। -ফাতহুল কাদির: ১/২৫৪; হাশিয়াতুত তাহতাবি আলা মারাকিল ফালাহ: ২০২

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৮-১১-১৪৪৩ হি.

২৯-০৬-২০২২ ঈ.